

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
উপজেলা প্রকৌশলীর দপ্তর  
জলঢাকা, নীলফামারী।

স্মারক নং- ৪৬.০২.৭৩৩৬.০০০.১৪.০৯০.১৯-৯০০

তারিখঃ ২৮-০৭-২০১৭ ইং

পুনঃ নোটিশ :

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানান যাচ্ছে যে, স্মারক নং- ৪৬.০২.৭৩৩৬.০০০.১৪.০৯০.১৯-৮৫৩, তারিখ ১৫-০৭-২০১৯ইং এ জারীকৃত নোটিশের আলোকে আবেদন পত্র গ্রহণের সর্বশেষ সময় অনুযায়ী কিছু কিছু ইউনিয়ন ও পৌরসভা হতে কোন আবেদন পত্র পাওয়া না যাওয়ায় এবং কিছু কিছু ইউনিয়ন হতে মাত্র ২/১ টি আবেদন পাওয়ায় নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে মহিলা কর্মী নিয়োগের লক্ষ্যে পুনঃ নোটিশ জারী করা হলো। ২০১৯-২০২০ অর্থ বৎসরে অনুন্নয়ন রাজস্ব বাজেটের আওতায় "গ্রামীণ সড়ক মেরামত ও রক্ষণাবেক্ষণ" এর অধীনে নিয়মিত রক্ষণাবেক্ষণ (Off Pavement) কাজের জন্য জলঢাকা উপজেলার ১১ টি ইউনিয়ন ও জলঢাকা পৌরসভার বিভিন্ন সড়ক রক্ষণাবেক্ষণের জন্য প্রতিটি ইউনিয়ন ও পৌরসভা হতে ১ জন করে দুঃস্থ মহিলাকর্মী নিয়োগের লক্ষ্যে ইউনিয়ন ও পৌরসভার আত্রহী দুঃস্থ মহিলাগনকে "উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জলঢাকা, নীলফামারী" শিরোনামে আগামী ০৬-০৮-২০১৯ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে দরখাস্ত গ্রহণ করা হবে।

যোগ্যতা নিরূপনের বিবেচ্য বিষয় সমূহ :-

- ১। বিধবা, স্বামী পরিত্যক্ত এবং পরিবারের প্রধান হত দরিদ্র মহিলা কায়িক শ্রমের মাধ্যমে জীবিকা অর্জন করে।
- ২। নির্বাচিত মহিলাকর্মীগন ভূমিহীন বা তাদের ০.৫ শতক এর কম জমির মালিকগন আবেদন করতে পারবে।
- ৩। নির্বাচিত মহিলাকর্মীদের শারিরিক ভাবে মাটির কাজ (কায়িক পরিশ্রম) করার ক্ষমতা থাকতে হবে।
- ৪। জন্ম তারিখ ২৬-০৭-১৯৮৪ইং হতে ২৬-০৭-২০০১ইং এর মধ্যে হতে হবে।
- ৫। National ID এর ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। কর্মীগনকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৭। RERMP-2, RDRIIP প্রকল্পে যাহারা কর্মরত ছিলেন তারা এই প্রকল্পে আবেদন করতে পারবেন না।
- ৮। বর্তমানে ভিজিডি সুবিদাভোগী মহিলার আবেদন পত্র অযোগ্য হিসাবে বিবেচিত হবে।
- ৯। বিধবা ভাতা প্রাপ্ত মহিলার আবেদন পত্র অযোগ্য হিসাবে বিবেচিত হবে।
- ১০। বিধবা, স্বামী পরিত্যক্ত বা পরিবার প্রধান হলে এবং যদি জমির পরিমাণ ০.৫০ শতকের কম হয় তার প্রত্যয়ন মেয়র/ কমিশনার/ সংরক্ষিত মহিলা কমিশনার/ইউপি চেয়ারম্যান/ সংরক্ষিত মহিলা সদস্য/ইউপি সদস্য এর নিকট থেকে গ্রহণ পূর্বক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ১১। ছবি -১(এক) কপি।

সার্বিক বিষয়ে জানার জন্য জনাব মোঃ আমিনুর রহমান, কমিউনিটি অর্গানাইজার, অত্র দপ্তর এর নিকট যোগাযোগ করা যাবে। যোগাযোগের জন্য মোবাইল নং-০১৭২১৭৬৫০১৩। আবেদন ফরম বিনা মূল্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পাওয়া যাবে।

উল্লেখ্য যে, কোন ইউনিয়ন বা পৌরসভা হতে দ্বিতীয় বারেও কোন আবেদন পাওয়া না গেলে যে কোন ইউনিয়ন বা পৌরসভার সর্বাধিক সংখ্যক যোগ্য প্রার্থীদের নিয়ে গুল্য পদ লটারীর মাধ্যমে পূরণ করা হবে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই নিয়োগ সম্পূর্ণ বাতিল বা সংরক্ষণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

লটারীর তারিখ পরবর্তীতে জানানো হবে।

(মোঃ হারুন-অর-রশিদ)

উপজেলা প্রকৌশলী

জলঢাকা, নীলফামারী।

ue.jaldhaka@ged.gov.bd

অনুলিপি :- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নীলফামারী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, জলঢাকা, নীলফামারী।
- ৪। মেয়র, জলঢাকা পৌরসভা, জলঢাকা, নীলফামারী।
- ৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জলঢাকা, নীলফামারী।
- ৭। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ (সকল), জলঢাকা, নীলফামারী।
- ৮। জনাব, .....
- ৯। নোটিশ বোর্ড।